140mm x 400mm

Ezolid®

Linezolid USP

Composition

Ezolid® 400 tablet: Each coated tablet contains Linezolid USP 400 mg.
Ezolid® 600 tablet: Each coated tablet contains Linezolid USP 600 mg.
Ezolid® 600 IV infusion: Each ml contains Linezolid USP 2 mg.

Pharmacology

Ezolid® is a preparation of Linezolid which is a synthetic antibacterial agent belonging to the oxazolidinones class, which has clinical utility in the treatment of infections caused by aerobic Gram-positive bacteria. Linezolid inhibits bacterial protein synthesis through a mechanism of action different from that of other antibacterial agents; therefore, cross resistance between Linezolid and other classes of antibiotics is unlikely. Linezolid binds to a site on the bacterial 23S ribosomal RNA of the 50S subunit and prevents the formation of a functional 70S initiation complex, which is an essential component of the bacterial translation process.

Indication

Ezolid® is indicated for the treatment of:

- Nosocomial pneumonia
- Community-acquired pneumonia
- Complicated skin and skin structure infection including diabetic foot infections, without concomitant osteomyelitis
- Uncomplicated skin and skin structure infections
- Vancomycin-resistant *Enterococcus faecium* infections

Limitations of use

Ezolid® is not indicated for the treatment of Gram-negative infections. The safety and efficacy of **Ezolid**® given for longer than 28 days have not been evaluated in controlled clinical trials.

Dose and administration

Route of administration: **Ezolid**® tablets should be taken in oral route with or without food. **Ezolid**® IV infusion should be administered by intravenous infusion over a period of 30 to 120 minutes.

The recommended daily dosage for **Ezolid**® tablets and IV infusion is described in the following table.

Infection	Dosage, route and frequency of administration		
	Pediatric patients* (birth through 11 years of age)	**Adults and adolescent (12 years and older)**	**Recommended duration of treatment (consecutive days)**
Nosocomial pneumonia	10 mg/kg orally or intravenously every 8 hours	600 mg orally or intravenously every 12 hours	10 to 14
Community-acquired pneumonia, including concurrent bacteremia			
Complicated skin and skin structure infections			
Vancomycin-resistant *Enterococcus faecium* infections, including concurrent bacteremia	10 mg/kg orally or intravenously every 8 hours	600 mg orally or intravenously every 12 hours	14 to 28
Uncomplicated skin and skin structure infections	less than 5 years: 10 mg/kg orally every 8 hours 5-11 years: 10 mg/kg orally every 12 hours	Adults: 400 mg orally every 12 hours Adolescents: 600 mg orally every 12 hours	10 to 14

*Neonates less than 7 days: Most pre-term neonates less than 7 days of age (gestational age less than 34 weeks) have lower systemic linezolid clearance values and larger AUC values than many full-term neonates and older infants. These neonates should be initiated with a dosing regimen of 10 mg/kg every 12 hours. Consideration may be given to the use of 10 mg/kg every 8 hours regimen in neonates with a sub-optimal clinical response. All neonatal patients should receive 10 mg/kg every 8 hours by 7 days of life.

No dose adjustment is necessary when switching from intravenous to oral administration.

Intravenous administration

Ezolid® IV infusion should be inspected visually against a light source for particulate matter prior to administration. **Ezolid**® IV infusion may exhibit a yellow color that can intensify over time without adversely affecting potency. Do not use this intravenous infusion vial in series connections. Additives should not be introduced into this solution. Discard unused portion after single use.

Hepatic impairment

No dose adjustment is recommended for patients with mild-to-moderate hepatic impairment. The pharmacokinetics of **Ezolid**® in patients with severe hepatic impairment have not been evaluated.

Contraindication

Linezolid is contraindicated in patients with hypersensitivity to linezolid or any other component of this product. It is also contraindicated in patients taking any medicinal product which inhibits monoamine oxidases A or B (e.g., phenelzine, isocarboxazid) or within two weeks of taking any such medicinal product.

Warning and precaution

Complete blood counts should be monitored weekly in patients who receive linezolid, particularly in those who receive linezolid for longer than two weeks, those with pre-existing myelosuppression, those receiving concomitant drugs that produce bone marrow suppression or those with a chronic infection who have received previous or concomitant antibiotic therapy. If patients experience symptoms of visual impairment, such as changes in visual acuity, changes in color vision, blurred vision or visual field defect, prompt ophthalmic evaluation is recommended. Linezolid is not approved and should not be used for the treatment of patients with catheter-related bloodstream infections or catheter-site infections. Careful medical history is necessary since *Clostridium difficile*-associated Diarrhea (CDAD) has been reported to occur over two months after antibiotic administration. If CDAD is suspected or confirmed, ongoing antibiotic use not directed against *C. difficile* may need to be discontinued. Unless patients are monitored for potential increases in blood pressure, linezolid should not be administered to patients with uncontrolled hypertension, pheochromocytoma, thyrotoxicosis and/or patients taking sympathomimetic agents, vasopressive agents and dopaminergic agents. Patients who develop recurrent nausea or vomiting, unexplained acidosis or low bicarbonate level while receiving linezolid should receive immediate medical evaluation. If hypoglycemia occurs, a decrease in the dose of insulin or oral hypoglycemic agent or discontinuation of oral hypoglycemic agent, insulin or linezolid may be required.

Side effects

The most common side effects are diarrhea, vomiting, headache, nausea, anemia, taste alteration and eosinophilia.

Use in pregnancy and lactation

Pregnancy: Available data with linezolid use in pregnant women have not identified a drug-associated risk of major birth defects, miscarriage or adverse maternal or fetal outcomes. Linezolid should be used during pregnancy only if the potential benefit justifies the potential risk to the fetus.

Lactation: Linezolid is present in breast milk. The developmental and health benefits of breastfeeding should be considered along with the mother's clinical need for linezolid and any potential adverse effects on the breastfed child from linezolid or from the underlying maternal condition. Advise lactating women to monitor a breastfed infant for diarrhea and vomiting.

Use in children and adolescents

The dose of linezolid for children and adolescents have been described in dose and administration section. The use of linezolid for the empiric treatment of pediatric patients with central nervous system infections is not recommended.

Drug interaction

Drug interaction with medication: Linezolid is a reversible, nonselective inhibitor of monoamine oxidase. Therefore, linezolid has the potential for interaction with adrenergic and serotonergic agents. Some individuals receiving linezolid may experience a reversible enhancement of the pressor response to indirect acting sympathomimetic agents, vasopressor or dopaminergic agents. Unless patients are carefully observed for signs and/or symptoms of serotonin syndrome, linezolid should not be administered to patients with carcinoid syndrome and/or patients taking serotonin re-uptake inhibitors, tricyclic antidepressants, serotonin 5-HT1 receptor agonists (triptans), meperidine or buspirone.

Drug interaction with food and others: Advice patients to avoid large quantities of foods or beverages with high tyramine content while taking linezolid.

Overdose

In the event of overdosage, supportive care is advised, with maintenance of glomerular filtration. Hemodialysis may facilitate more rapid elimination of linezolid.

Storage

Store in a cool (below 30ºC) and dry place protected from the light. Keep away from the reach of children.

Packing

Ezolid® 400 tablet: Carton of 10 tablets in blister pack.
Ezolid® 600 tablet: Carton of 10 tablets in blister pack.
Ezolid® 600 IV infusion: Each pack contains one vial of 300 ml sterile, pyrogen free and isotonic Linezolid solution, one infusion set, one alcohol pad and one first aid bandage.

Ezolid® 600 IV infusion manufactured by Popular Pharmaceuticals Ltd. for Advanced Chemical Industries Limited.

® Registered Trade Mark

ACI
Advanced Chemical Industries Limited
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh

031023

এজোলিড®

লিনেজোলিড ইউএসপি

উপাদান

এজোলিড® ৪০০ ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে লিনেজোলিড ইউএসপি ৪০০ মিগ্রা।
এজোলিড® ৬০০ ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে লিনেজোলিড ইউএসপি ৬০০ মিগ্রা।
এজোলিড® ৬০০ আইভি ইনফিউসনঃ প্রতি মিলিতে আছে লিনেজোলিড ইউএসপি ২ মিগ্রা।

ফার্মাকোলজি

এজোলিড® হচ্ছে লিনেজোলিড দ্বারা তৈরি যা অক্সাজোলিডিনোন শ্রেণীর অন্তর্গত একটি কৃত্রিম এন্টিব্যাকটেরিয়াল ওষুধ, যার অ্যারোবিক গ্রাম-পজিটিভ ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট ইনফেকশনের চিকিৎসায় ক্লিনিক্যাল উপযোগিতা রয়েছে। লিনেজোলিড অন্যান্য এন্টিব্যাকটেরিয়াল ওষুধ থেকে ভিন্ন একটি মেকানিজমের মাধ্যমে ব্যাকটেরিয়ার প্রোটিন সংশ্লেষণকে বাধা দেয়; ফলে, লিনেজোলিড এবং অন্যান্য শ্রেণীর এন্টিবায়োটিকের মধ্যে ক্রস রেজিস্ট্যান্স হওয়ার সম্ভাবনা বেশ কম। লিনেজোলিড ৫০ এস (50S) সাবইউনিটের ব্যাকটেরিয়াল ২৩ এস (23S) রাইবোসোমাল আরএনএ (RNA) এর একটি সাইটে আবদ্ধ হয় এবং কার্যকরী ৭০ এস (70S) ইনিশিয়েশন কমপ্লেক্স গঠনে বাধা দেয়, যা ব্যাকটেরিয়াল ট্রান্সলেশন প্রক্রিয়ার একটি অপরিহার্য উপাদান।

নির্দেশনা

এজোলিড® নিম্নলিখিত রোগের চিকিৎসায় নির্দেশিতঃ

- নোসোকোমিয়াল নিউমোনিয়া
- কমিউনিটি-লব্ধ নিউমোনিয়া
- ত্বক এবং ত্বকের কাঠামোর জটিল ইনফেকশনসহ ডায়াবেটিক ফুট ইনফেকশন, সহজাত অস্টিওমায়েলাইটিস ব্যতীত
- ত্বক এবং ত্বকের কাঠামোর জটিল নয় এমন ইনফেকশন
- ভ্যানকোমাইসিন-প্রতিরোধী *এন্টারোকক্কাস ফেসিয়াম* ইনফেকশন

ব্যবহারের সীমাবদ্ধতাঃ

গ্রাম-নেগেটিভ সংক্রমণের চিকিৎসায় **এজোলিড**® নির্দেশিত নয়। ২৮ দিনের বেশি সময় ধরে **এজোলিড**® দ্বারা চিকিৎসার নিরাপদ ব্যবহার এবং কার্যকারিতা নিয়ন্ত্রিত ক্লিনিক্যাল ট্রায়ালগুলোতে মূল্যায়িত হয়নি।

সেবনমাত্রা ও প্রয়োগবিধি

ওষুধ গ্রহণের পথঃ **এজোলিড**® ট্যাবলেট খাবারের সাথে বা খাবার ছাড়াই মুখে গ্রহণ করতে হবে। **এজোলিড**® আইভি ইনফিউসন ৩০ থেকে ১২০ মিনিট সময়কালের মধ্যে শিরাপথে ইনফিউসন হিসাবে গ্রহণ করতে হবে।

এজোলিড® ট্যাবলেট এবং আইভি ইনফিউসনের প্রতিদিনের অনুমোদিত মাত্রা নিচের টেবিলে বর্ণিত হলোঃ

ইনফেকশন মাত্রা	মাত্রা, ওষুধ গ্রহণের পথ এবং সময়কাল		
	শিশু রোগী* (জন্ম থেকে ১১ বছর বয়স পর্যন্ত)	**প্রাপ্তবয়স্ক এবং কিশোর রোগী (১২ বছর এবং এর বেশি বয়সী)**	**চিকিৎসার অনুমোদিত সময়কাল (ধারাবাহিক দিন)**
নোসোকোমিয়াল নিউমোনিয়া	১০ মিগ্রা/কেজি মুখে বা শিরাপথে প্রতি ৮ ঘণ্টা পরপর	৬০০ মিগ্রা মুখে বা শিরাপথে প্রতি ১২ ঘণ্টা পরপর	১০ থেকে ১৪
সহগামী ব্যাকটেরেমিয়া সহ কমিউনিটি-লব্ধ নিউমোনিয়া			
ত্বক এবং ত্বকের কাঠামোর জটিল ইনফেকশন			
ভ্যানকোমাইসিন-প্রতিরোধী *এন্টারোকক্কাস ফেসিয়াম* ইনফেকশন	১০ মিগ্রা/কেজি মুখে বা শিরাপথে প্রতি ৮ ঘণ্টা পরপর	৬০০ মিগ্রা মুখে বা শিরাপথে প্রতি ১২ ঘণ্টা পরপর	১৪ থেকে ২৮
ত্বক এবং ত্বকের কাঠামোর জটিল নয় এমন ইনফেকশন	৫ বছরের কম বয়সীদের জন্যঃ ১০ মিগ্রা/কেজি মুখে প্রতি ৮ ঘণ্টা পরপর ৫-১১ বছর বয়সীদের জন্যঃ ১০ মিগ্রা/ কেজি মুখে প্রতি ১২ ঘণ্টা পরপর	প্রাপ্তবয়স্কদের জন্যঃ ৪০০ মিগ্রা মুখে প্রতি ১২ ঘণ্টা পরপর কিশোরদের জন্যঃ ৬০০ মিগ্রা মুখে প্রতি ১২ ঘণ্টা পরপর	১০ থেকে ১৪

*৭ দিনের কম বয়সী নবজাতকদের ক্ষেত্রেঃ অধিকাংশ প্রি-টার্ম ৭ দিনের কম বয়সী নবজাতকদের (যাদের জেস্টেশনাল বয়স ৩৪ সপ্তাহের কম) অন্যান্য পূর্ণ-টার্ম নবজাতক এবং এর থেকে বেশি বয়সী শিশুদের তুলনায় নিম্নতর সিস্টেমিক লিনেজোলিড ক্লিয়ারেন্স মান এবং উচ্চতর এইউসি (AUC) থাকে। এই নবজাতকদের ক্ষেত্রে প্রতি ১২ ঘণ্টা পরপর ১০ মিগ্রা/কেজি মাত্রায় ওষুধটি শুরু করতে হবে। সর্বোত্তম ক্লিনিক্যাল সাড়া দেয় না এমন নবজাতকদের ক্ষেত্রে প্রতি ৮ ঘণ্টা পরপর ১০ মিগ্রা/কেজি মাত্রায় ওষুধ প্রয়োগের বিবেচনা করা যেতে পারে। ৭ দিন বয়স হয়ে গেলে সকল নবজাতক রোগীকে প্রতি ৮ ঘণ্টা পরপর ১০ মিগ্রা/কেজি মাত্রায় ওষুধ প্রয়োগ করতে হবে।

ওষুধ প্রয়োগের ক্ষেত্র শিরাপথ থেকে মুখে পরিবর্তিত করার সময় কোনো মাত্রা সমন্বয়ের প্রয়োজন নেই।

শিরাপথে প্রয়োগ

এজোলিড® আইভি ইনফিউসনটি প্রয়োগের আগে ক্ষুদ্রকণা আছে কিনা তা পরীক্ষার জন্য একটি আলোর উৎসের বিপরীতে ধরে পর্যবেক্ষণ করতে হবে। **এজোলিড**® আইভি ইনফিউসন দেখতে হলুদ বর্ণের হতে পারে যা এর কার্যকারিতায় কোনো বিরূপ প্রভাব না ফেলে সময়ের সাথে সাথে তীব্রতর হতে পারে। ধারাবাহিক সংযোগের জন্য এই ইন্ট্রাভেনাস ইনফিউসন ভায়ালটি ব্যবহার করা যাবে না। এই সলিউশনের সাথে কোনো পদার্থ মেশানো উচিত নয়। একবার ব্যবহারের পর অব্যবহৃত অংশটুকু ফেলে দিতে হবে।

যকৃতের অকার্যকারিতায়

মৃদু থেকে মাঝারি ধরণের যকৃতের অকার্যকারিতার রোগীদের জন্য কোনো মাত্রা সমন্বয় করার প্রয়োজন নেই। গুরুতর যকৃতের অকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে **এজোলিড**® এর ফার্মাকোকাইনেটিক্স এর মূল্যায়ন করা হয়নি।

প্রতিনির্দেশনা

যাদের লিনেজোলিড বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত। এছাড়া এটি মনোঅ্যামিন অক্সিডেজ এ (A) বা বি (B) কে বাধা দেয় এমন ওষুধ (যেমন, ফেনেলজিন, আইসোকার্বক্সাজিড) গ্রহণকারী রোগীদের ক্ষেত্রে এবং এ ধরনের ওষুধ গ্রহণের দুই সপ্তাহের মধ্যে প্রতিনির্দেশিত।

সাবধানতা ও সচেতনতা

লিনেজোলিড গ্রহণকারী রোগীদের সম্পূর্ণ ব্লাড কাউন্ট সাপ্তাহিকভাবে পর্যবেক্ষণ করতে হবে, বিশেষ করে যারা দুই সপ্তাহের বেশি সময় ধরে লিনেজোলিড গ্রহণ করছে, যারা আগে থেকেই মায়েলোসাপ্রেশনে আক্রান্ত, যারা অস্থিমজ্জা সাপ্রেশন করে এমন ওষুধ একই সাথে গ্রহণ করে অথবা দীর্ঘস্থায়ী সংক্রমণে আক্রান্ত রোগীদের মধ্যে যারা এর পূর্বে বা একই সাথে এন্টিবায়োটিক থেরাপি গ্রহণ করে। যদি দৃষ্টিশক্তির ক্ষতির লক্ষণ দেখা দেয়, যেমন, দৃষ্টিশক্তির তীক্ষ্ণতার পরিবর্তন, রঙ জনিত দৃষ্টিতে পরিবর্তন, ঝাপসা দেখা বা ভিজ্যুয়াল ফিল্ডের ত্রুটি, সেক্ষেত্রে দ্রুত দৃষ্টিশক্তি মূল্যায়নের জন্য পরামর্শ নিতে হবে। ক্যাথেটার-সম্পর্কিত রক্ত প্রবাহের সংক্রমণ বা ক্যাথেটার-সাইটের সংক্রমণের চিকিৎসার জন্য লিনেজোলিড অনুমোদিত নয় এবং এটি ব্যবহার করা উচিত নয়। এন্টিবায়োটিক গ্রহণের দুই মাস পর *ক্লোস্ট্রিডিয়াম ডিফিসিলি* জনিত ডায়রিয়া (CDAD) হওয়ার কারণে সতর্কতার সাথে এর মেডিকেল হিস্টোরি গ্রহণ করা প্রয়োজন। সিডিএডি (CDAD) সন্দেহ বা নিশ্চিত হলে, *সি. ডিফিসিলি* -এর বিরুদ্ধে কাজ করে না এমন এন্টিবায়োটিকের চলমান ব্যবহার বন্ধ করার প্রয়োজন হতে পারে। সম্ভাব্য রক্তচাপের বৃদ্ধির জন্য রোগীদের যদি পর্যবেক্ষণে রাখা না হয়, তাহলে অনিয়ন্ত্রিত উচ্চ রক্তচাপ, ফিওক্রোমোসাইটোমা, থাইরোটক্সিকোসিসে আক্রান্ত এবং/অথবা সিমপ্যাথোমিমেটিক ওষুধ, ভ্যাসোপ্রেসিভ ওষুধ, ডোপামিনার্জিক ওষুধ গ্রহণকারী রোগীদেরকে লিনেজোলিড দেওয়া যাবে না। লিনেজোলিড গ্রহণের সময় যে সমস্ত রোগীদের বারবার বমি বমি ভাব বা বমি, কারণ না জানা অ্যাসিডোসিস বা নিম্ন বাইকার্বনেট লেভেল দেখা দেয় তাদেরকে অবিলম্বে মেডিকেল মূল্যায়ন করতে হবে। হাইপোগ্লাইসেমিয়া দেখা দিলে, ইনসুলিন বা ওরাল হাইপোগ্লাইসেমিক ওষুধের ডোজ কমানো অথবা ওরাল হাইপোগ্লাইসেমিক এজেন্ট, ইনসুলিন বা লিনেজোলিড বন্ধ করার প্রয়োজন হতে পারে।

পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হচ্ছে ডায়রিয়া, বমি, মাথা ব্যথা, বমি বমি ভাব, রক্তশূণ্যতা, স্বাদ পরিবর্তন এবং ইওসিনোফিলিয়া।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায়ঃ গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে লিনেজোলিড ব্যবহারের প্রাপ্ত তথ্য অনুযায়ী শিশুর গুরুতর জন্মগত ত্রুটি, গর্ভপাত অথবা মা বা ভ্রূণের উপর বিরূপ প্রভাবের ওষুধ-সংশ্লিষ্ট ঝুঁকি নির্ধারিত হয়নি। লিনেজোলিড গর্ভাবস্থায় শুধুমাত্র তখনই ব্যবহার করা উচিত যখন প্রত্যাশিত সুবিধাসমূহ ভ্রূণের সম্ভাব্য ঝুঁকির চেয়ে বেশি হয়।

স্তন্যদানকালেঃ লিনেজোলিড মায়ের দুধে নিঃসৃত হয়। লিনেজোলিড এর জন্য স্তন্যদানকারী মায়ের প্রয়োজনীয়তা বা মায়ের বর্তমান সমস্যা বিবেচনার সাথে সাথে মায়ের দুধ খাওয়ানো শিশুর উপর সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া এবং শিশুর বিকাশ ও স্বাস্থ্য সুবিধাগুলো বিবেচনা করতে হবে। স্তন্যদানকারী মায়েদের শিশুর ডায়রিয়া এবং বমি হলে তা পর্যবেক্ষণের উপদেশ দিতে হবে।

শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

সেবনমাত্রা ও প্রয়োগবিধি অংশে শিশু ও কিশোরদের জন্য লিনেজোলিড এর মাত্রা বর্ণনা করা হয়েছে। কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের সংক্রমণে আক্রান্ত শিশু রোগীদের পরীক্ষামূলক চিকিৎসার জন্য লিনেজোলিড ব্যবহার করা যাবে না।

ওষুধের প্রতিক্রিয়া

অন্য ওষুধের সাথেঃ লিনেজোলিড হচ্ছে মনোঅ্যামিন অক্সিডেজ এর একটি পরিবর্তনযোগ্য, নির্বাচনশীল নয় এমন ইনহিবিটর। ফলে, লিনেজোলিড এর অ্যাড্রেনার্জিক এবং সেরোটোনার্জিক ওষুধসমূহের সাথে প্রতিক্রিয়া করার সম্ভাবনা রয়েছে। লিনেজোলিড গ্রহণকারী কতিপয় রোগীর পরোক্ষভাবে কাজ করা সিমপ্যাথোমিমেটিক ওষুধ, ভ্যাসোপ্রেসোর বা ডোপামিনার্জিক ওষুধ গ্রহণ করার ফলে রক্তচাপ বৃদ্ধি পেতে পারে। সেরোটোনিন সিন্ড্রোমের লক্ষণ এবং/অথবা উপসর্গসমূহের জন্য রোগীদেরকে সতর্কতার সাথে পর্যবেক্ষণ করা না হলে, কার্সিনয়েড সিন্ড্রোমে আক্রান্ত রোগীদের এবং/অথবা সেরোটোনিন রি-আপটেক ইনহিবিটর, ট্রাইসাইক্লিক অ্যান্টিডিপ্রেসেন্ট, সেরোটোনিন ৫-এইচটি ১ (5-HT1) রিসেপ্টর এগোনিস্ট (ট্রিপট্যান), মেপিরিডিন বা বুসপিরোন গ্রহণকারী রোগীদেরকে লিনেজোলিড প্রয়োগ করা যাবে না।

খাবার ও অন্য কিছুর সাথেঃ লিনেজোলিড গ্রহণের সময় রোগীদের প্রচুর পরিমাণে উচ্চ টাইরামিনযুক্ত খাবার বা পানীয় গ্রহণ করা থেকে বিরত থাকার পরামর্শ দিতে হবে।

মাত্রাধিক্য

মাত্রাধিক্য হলে, গ্লোমেরুলার পরিস্রাবণ মেইনটেন্যান্সসহ সহায়ক চিকিৎসার পরামর্শ দেওয়া হয়। হেমোডায়ালাইসিস লিনেজোলিড এর দ্রুততর নিষ্কাশনে সাহায্য করতে পারে।

সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠাণ্ডা (৩০° সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

প্যাকিং

এজোলিড® ৪০০ ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ১০টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
এজোলিড® ৬০০ ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ১০টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
এজোলিড® ৬০০ আইভি ইনফিউসনঃ প্রতি প্যাকে ৩০০ মিলি জীবাণুমুক্ত, পাইরোজেন মুক্ত এবং আইসোটোনিক লিনেজোলিড সলিউশনের একটি ভায়াল, একটি ইনফিউসন সেট, একটি অ্যালকোহল প্যাড এবং একটি ফার্স্ট এইড্ ব্যান্ডেজ সরবরাহ করা হয়।

এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর পক্ষে **এজোলিড**® ৬০০ আইভি ইনফিউসনের প্রস্তুতকারক পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিঃ।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

ACI
এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ